গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ১৭ মে ২০১৫, ৩ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। খুন খারাবির রাজনীতি আর চলবে না : চাঁপাইনবাবগঞ্জে জনসভায় প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ
৩। নারী উদ্যোক্তাদের ঋণ দিতে বাংলাদেশ ব্যাংক গভর্নরের তাগিদ
৪। দুই হাজার বিদেশি নাগরিক রাজস্ব ফাঁকিসহ নানা অনিয়মে জড়িত
৫। বিক্ষোভের মুখে মোহাম্মদপুরে স্কুল উপাধ্যক্ষসহ সব পুরুষ কর্মীকে অব্যাহতি : স্কুল বন্ধ
৬। উন্নয়নের নামে লুট ২০ কোটি টাকা : ঢাকা জেলা পরিষদের তহবিল
৭। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বিনিয়োগ ও বাণিজ্য বাড়াতে হবে
৮। আইনজীবীদের ত্রুটির কারণে ৭০ ভাগ বিচারপ্রার্থী হেরে যান : প্রধান বিচারপতি
৯। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে চার বড় বাধা : এমসিসিআইয়ের ত্রৈমাসিক পর্যালোচনা
১০। উচ্চ রক্তচাপে আক্রান্ত ২৫ ভাগ, বছরে মৃত্যু ৭০ লাখ মানুষের : বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস আজ

চলমান পাতা/২

১। খুন খারাবির রাজনীতি আর চলবে না : চাঁপাইনবাবগঞ্জে জনসভায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বিএনপি-জামায়াতকে ধ্বংস খুন ও সন্ত্রাসের রাজনীতির ধারক-বাহক হিসেবে আখ্যায়িত করে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, যারা দেশের মানুষকে পুড়িয়ে হত্যা করে, দেশের সম্পদ ধ্বংস করে তাদের সমর্থন দিবেন না। দেশের উন্নয়ন, প্রগতি ও সমৃদ্ধির জন্য আওয়ামী লীগের পতাকাতলে ঐক্যবদ্ধ হোন। বিএনপি-জামায়াতের প্রতি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, বাংলাদেশে খুন, নাশকতা ও ধ্বংসের রাজনীতি আর চলবে না। দেশ ধ্বংসের চেষ্টার সঙ্গে জড়িতরাও বিচারের হাত থেকে রেহাই পাবে না, তাদের কোনো ক্ষমা নেই। গতকাল ১৬ মে শনিবার চাঁপাইনবাবগঞ্জের নবাবগঞ্জ সরকারি কলেজ মাঠে জেলা আওয়ামী লীগ আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.২,ক.২), যুগান্তর (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)। জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

আজ ১৭ মে রোববার। আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৪তম স্বদেশ প্রত্যাবর্তন বার্ষিকী। তিন দশক আগে ১৯৮১ সালের এই দিনে বিদেশে দীর্ঘ নির্বাসন শেষে তিনি দেশে ফিরে আসেন। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাণী দিয়েছেন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে আওয়ামী লীগ। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৩। নারী উদ্যোক্তাদের ঋণ দিতে বাংলাদেশ ব্যাংক গভর্নরের তাগিদ

দেশের উন্নয়নে অবদান রাখতে নারী উদ্যোক্তাদের আরও বেশি ঋণ সহায়তা দিতে ব্যাংকগুলোকে তাগিদ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। গতকাল ১৬ মে শনিবার নগরীর একটি হোটেলে সিলেটের নারী উদ্যোক্তাদের উন্নয়ন ও এসএমই ব্যাংকিং বিষয়ক সেমিনারে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখেন। ড. আতিউর রহমান বলেন, নারী উদ্যোক্তাদের প্রতিষ্ঠিত করতে এবার এক লাখ ৫ হাজার কোটি টাকার ঋণ দেওয়ার পরিকল্পনা রয়েছে। বিভিন্ন ব্যাংকের বরাত দিয়ে তিনি বলেন, বড় বড় পুরুষ শিল্পপতিরা ঋণখেলাপি হন, কিন্তু নারী উদ্যোক্তারা সাধারণত ঋণখেলাপি না। নারী উদ্যোক্তারা ঋণ নিয়ে সেটাকে যথাযথভাবে কাজ লাগিয়ে সময়মত তা ফেরত দেন। প্রথম তিন মাসেই এই বৃহৎ অঙ্কের ২৫ শতাংশ ঋণ নারী উদ্যোক্তারা সংগ্রহ করেছেন। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.১), সমকাল (পৃ.১৪,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২)।

৪। দুই হাজার বিদেশি নাগরিক রাজস্ব ফাঁকিসহ নানা অনিয়মে জড়িত

দুই হাজারেরও বেশি বিদেশি নাগরিক নানা অনিয়মের মাধ্যমে দেশে অবস্থান করছে। চীন, তাইওয়ান, ফিলিপাইন, ভারত ও শ্রীলঙ্কাসহ বিভিন্ন দেশের এসব নাগরিক নানা অনিয়মে জড়িয়ে পড়েছে। অনেকেই গোপনে বিভিন্ন ইন্ডাস্ট্রিতে কাজ করছে। তাদের বিরুদ্ধে ট্যাক্স ফাঁকি দেওয়া, ভিসা অনিয়মসহ বিভিন্ন ধরনের অভিযোগ রয়েছে। দেশীয় দালাল চক্র বিদেশিদের সঙ্গে যোগসাজশে ওইসব বিদেশিকে সহায়তা করছে। গোয়েন্দা সূত্র মতে, পাকিস্তান, আফ্রিকা, নাইজেরিয়ার বহু বিদেশি নাগরিক রাজধানীর, উত্তরা, গুলশান, ধানমন্ডি, পুরান ঢাকার বিভিন্ন স্থানে অবস্থান নিয়ে জাল ডলার, মুদ্রা জালিয়াতিসহ বিভিন্ন প্রতারণামূলক কর্মকাণ্ডে জড়িত। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৬)।

৫। বিক্ষোভের মুখে মোহাম্মদপুরে স্কুল উপাধ্যক্ষসহ সব পুরুষ কর্মীকে অব্যাহতি : স্কুল বন্ধ

প্রথম শ্রেণীর এক ছাত্রীকে যৌন নির্যাতনের ঘটনায় দোষী ব্যক্তির পক্ষ নেওয়া ও অভিভাবকদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করায় বিক্ষোভের মুখে রাজধানীর মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল ও কলেজের উপাধ্যক্ষ জিনাতুন নেছাকে অব্যাহতি দেওয়া হয়েছে। পাশাপাশি বিদ্যালয় থেকে সব পুরুষ কর্মচারীকে সরিয়ে মহিলা কর্মচারী নিয়োগ দিয়েছে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ। এদিকে ছাত্রী নির্যাতনের ঘটনা খতিয়ে দেখতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) কর্তৃপক্ষ গতকাল ১৬ মে শনিবার একটি তদন্ত কমিটি গঠন করেছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৪)।

৬। উন্নয়নের নামে লুট ২০ কোটি টাকা : ঢাকা জেলা পরিষদের তহবিল

ঢাকা জেলা পরিষদের উন্নয়ন তহবিল থেকে অর্থ লুটপাটের অভিযোগ উঠেছে। পাঁচটি উপজেলার এক হাজার ২০০ প্রতিষ্ঠান লুট করেছে প্রায় ২০ কোটি টাকা। এর মধ্যে অস্তিত্বহীন প্রায় দুইশ' প্রতিষ্ঠান উন্নয়নের নামে অর্থ তুলে নিয়ে হাওয়া হয়ে গেছে। প্রায় এক হাজার প্রতিষ্ঠান উন্নয়নের নামে অতিরিক্ত বরাদ্দের অর্থ আত্মসাৎ করেছে। অনেক প্রতিষ্ঠানের নামে অর্থ বরাদ্দ নেওয়া হলেও ওই সব প্রতিষ্ঠানের কেউ এ ব্যাপারে অবগত নন। ঢাকা জেলা পরিষদের কতিপয় অসাধু প্রকৌশলী ও একটি স্বার্থান্বেষী গোষ্ঠী পরস্পর যোগসাজশে জাল-জালিয়াতি করে

পরিষদের ২০১৩-১৪ অর্থবছরে উন্নয়ন তহবিলের উল্লিখিত বিপুল অঙ্কের অর্থ লুটে নিয়েছে। জেলা পরিষদের বিভাগীয় তদন্তেও একই অনিয়ম-দুর্নীতির চিত্র উঠে আসে। সর্বশেষ দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে ক্ষমতার অপব্যবহার, জাল-জালিয়াতি ও পরস্পর যোগসাজশে অর্থ আত্মসাতের প্রমাণ পাওয়া গেছে। অর্থ আত্মসাতের যাবতীয় নথি এখন দুদকের হাতে। সূত্র-সমকাল (পৃ.১,ক.১)।

৭। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বিনিয়োগ ও বাণিজ্য বাড়াতে হবে

দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর উন্নয়নের ক্ষেত্রে বৈদেশিক সহায়তার উপর নির্ভরশীলতা কমে যাচ্ছে। অভ্যন্তরীণ সম্পদ আহরণের মাধ্যমেই উন্নয়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ অবস্থায় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের জন্য দেশি-বিদেশি বিনিয়োগ বাড়ানোর পাশাপাশি আঞ্চলিক বাণিজ্য বাড়াতে হবে। বৈদেশিক সহায়তা বাড়ানোর প্রক্রিয়াও অব্যাহত রাখতে হবে। 'এসডিজি অর্থায়নে এশীয় অংশীদারিত্ব' শীর্ষক দুই দিনব্যাপী বিশেষজ্ঞ সভার উদ্বোধন অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি), এন্ড পভার্টি-২০১৫ এবং সাউদার্ন ভয়েস অন পোস্ট এমডিজির যৌথ উদ্যোগে গতকাল ১৬ মে শনিবার রাজধানীর ব্র্যাক ইন সেন্টারে সভাটি অনুষ্ঠিত হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.৩,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৫)।

৮। আইনজীবীদের ত্রুটির কারণে ৭০ ভাগ বিচারপ্রার্থী হেরে যান : প্রধান বিচারপতি

আইনজীবীদের ত্রুটির কারণেই বিচারপ্রার্থীরা সুবিচারবঞ্চিত হচ্ছেন বলে মন্তব্য করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। একই কারণে ৬০ থেকে ৭০ ভাগ মামলায় বিচারপ্রার্থীরা হেরে যান বলেও মন্তব্য করেন তিনি। গতকাল ১৬ মে শনিবার সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির মিলনায়তনে 'আইনের শাসন প্রতিষ্ঠায় বার ও বেঞ্চের ভূমিকা' শীর্ষক এক সেমিনারের প্রধান অতিথির বক্তব্যে এসব মন্তব্য করেন তিনি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.৩,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন (পৃ.১,ক.৪)।

৯। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে চার বড় বাধা : এমসিসিআইয়ের ত্রৈমাসিক পর্যালোচনা

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে এখন চারটি বড় প্রতিবন্ধকতা রয়েছে। বাধাগুলো হচ্ছে অবকাঠামোগত দুর্বলতা, বিদ্যুৎ ও জ্বালানি ঘাটতি, রাজনৈতিক অনিশ্চয়তা এবং আন্তর্জাতিক বাজার (বাংলাদেশি পণ্যের) ও অভ্যন্তরীণ বাজারে চাহিদা কমে যাওয়া। এসব কারণে চলতি ২০১৪-১৫ অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রাক্কলিত লক্ষ্যমাত্রার চেয়ে কম হবে। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এমসিসিআই) 'বাংলাদেশের ত্রৈমাসিক অর্থনৈতিক পর্যালোচনায়' এমন অভিমত দেওয়া হয়েছে। বর্তমান অর্থবছরের জানুয়ারি-মার্চ প্রান্তিকের ওপর এই পর্যালোচনা। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৬), সমকাল (পৃ.১৪,ক.১), ফিনানসিয়াল এক্সপ্রেস বিজনেস (পৃ.১,ক.৪)।

১০। উচ্চ রক্তচাপে আক্রান্ত ২৫ ভাগ, বছরে মৃত্যু ৭০ লাখ মানুষের : বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস আজ

উচ্চ রক্তচাপ রোগটি আজ বিশ্বব্যাপী নীরব ঘাতক হিসেবে চিহ্নিত। উচ্চ রক্তচাপে মানুষ হার্ট অ্যাটাক, ব্রেন অ্যাটাক, হৃদরোগ, কিডনি বিকল এবং অন্ধত্ববরণের শিকার হতে পারে। বিশেষজ্ঞরা বলেন, বিশ্বে প্রাপ্তবয়স্কদের মধ্যে শতকরা ২০ থেকে ২৫ ভাগ আক্রান্ত হচ্ছে উচ্চ রক্তচাপে। সারাবিশ্বে প্রায় দেড় শ' কোটি লোক উচ্চ রক্তচাপের শিকার এবং প্রতিবছর এ রোগে মারা যায় প্রায় ৭০ লাখ মানুষ। বাংলাদেশেও উচ্চ রক্তচাপজনিত হৃদরোগ ও স্ট্রোকের প্রকোপ বেড়ে চলেছে। দেশের মোট জনসংখ্যার শতকরা ২ দশমিক ৫ ভাগ হৃদরোগে এবং ২ ভাগ স্ট্রোকে আক্রান্ত। এমন অবস্থার মধ্য দিয়ে আজ ১৭ মে রোববার পালিত হচ্ছে বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ., ক.২)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : যুক্তরাজ্যের ক্রেতা ওয়ালমার্ট বাংলাদেশের আম আমদানি করতে যাওয়ার প্রেক্ষিতে আমের উৎপাদন, রপ্তানিকারক ও প্রক্রিয়াজাতকরণের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে প্রয়োজনীয় প্রণোদনা দেওয়ার জন্য সরকারকে আহ্বান;

খ. ইত্তেফাক : জাতীয় পরিচয়পত্রের পরিধি সম্প্রসারণের লক্ষ্যে পনের বৎসর বয়সের সকল নাগরিককে জাতীয় পরিচয়পত্র প্রদানে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের সফলতার প্রত্যাশা;

গ. জনকণ্ঠ : উচ্চ আদালতে মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রতায় বিচারপ্রার্থীদের দুর্ভোগ ও হয়রানির চিত্র তুলে ধরে সংশ্লিষ্ট সকলকেই এ বিষয়ে আন্তরিকতার পরিচয় দেওয়ার আহ্বান;

ঘ. সংবাদ : দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সরকারকে কালক্ষেপণ না করে বিশুদ্ধ খাদ্য আদালত গঠনের সুপারিশ;

ঙ. সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে : মানবপাচার রোধে সংশ্লিষ্ট দেশগুলোকে জরুরিভিত্তিতে প্রতিরোধ ও প্রত্যাবাসন কার্যক্রম গ্রহণের সুপারিশ;

চ. যুগান্তর : আসন্ন রমজানে পণ্য মূল্য স্থিতিশীল রাখতে টিসিবিকে পণ্য মজুদ বাড়ানোর আহ্বান;

ছ. ডেইলি স্টার : প্রাক-বাজেট আলোচনায় ব্যবসায়ীদের ব্যবসা-বাণিজ্যে প্রাণসঞ্চার করার দাবি-দাওয়া

অনুযায়ী সরকারকে পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

জ. ইন্ডিপেনডেন্ট : গরুর মাংসের মূল্য বেড়ে যাওয়ায় গরুর খামারীদের ও দরিদ্র মহিলাদের গরু পালনে উৎসাহিত করতে বিভিন্ন ধরনের ক্ষুদ্র ঋণের ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ঝ. ডেইলি সান : হাজারিবাগ ট্যানারিতে শ্রমিকদের কাজের পরিবেশ উন্নত করা না হলে অদূর ভবিষ্যতে বিদেশি ক্রেতারা বাংলাদেশি চামড়া পণ্য কেনায় আগ্রহ হারিয়ে ফেলবে বলে আশঙ্কা প্রকাশ;

ঞ. নিউ এজ : বিদেশে নারী গৃহকর্মী বা নারী শ্রমিক পাঠানোর খরচ কমানোর ব্যাপারে কর্তৃপক্ষকে রিক্রুটিং এজেন্সির কার্যক্রম নজরদারিতে রাখার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে বলা হয়েছে, ঢাকা শহরের জনসংখ্যা এখন একটি ছোট খাটো গালফ স্টেটের জনসংখ্যার চাইতেও বেশি। সেজন্য ঢাকাকে সিটি স্টেটের মর্যাদা দেওয়ার দাবি লন্ডনের চাইতে আরও জোরেশোরে ওঠা উচিত বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'ছিটমহলের পালে হাওয়া' শিরোনামের নিবন্ধে অমিত বসু সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হওয়ায় ছিটমহলের অধিবাসীরা আর রাজ্যের বাসিন্দা নয়, তারা দুটি দেশের যে কোনো দেশের নাগরিকত্ব পছন্দের ভিত্তিতে পেতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা